**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 14-04.2026** **Desk in Charge : Susmita M.**

**Time : 1.30 PM** **Edit. & Compile : Indranil M.**

**DEO : KB** **NRT : Surita Saha**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

-

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরাখণ্ডে দিল্লী দেরাদুন অর্থনৈতিক করিডোরের উদ্বোধন করেছেন।

২) সমগ্র জাতি আজ কৃতজ্ঞ চিত্তে ভারতের সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বি আর আম্বেদকরের ১৩৬ তম জন্মদিবসে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছে।

৩) পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ু বিধানসভা নির্বাচনের প্রচার জমে উঠেছে। বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারকরা জেলায় জেলায় জনসভা ও রোডশো-এ অংশ নিচ্ছেন।

৪) আর্থিক তছরুপ মামালায় ধৃত তৃণমূল কংগ্রেসের নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অন্যতম ডিরেক্টর বিনেশ চান্দেলের ১০ দিনের ইডি হেফাজত।

৫) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি CP রাধাকৃষ্ণান, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে পয়লা বৈশাখ, বিহু, বিশু, বিষুভ, বোহাগ, মেশাদি, বৈশাখাদি এবং পুথুন্ডুর শুভেচ্ছা জানিয়েছেন।

৬) IPL ক্রিকেটে চেন্নাইতে কলকাতা নাইট রাইডার্স আজ চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে।

*************************************************************************

দিল্লি-দেরাদুন ইকোনমিক করিডোরের উদ্বোধন উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেরাদুনে এসে পৌঁছেছেন। সড়কপথে দেরাদুনের 'দাত কালী মন্দির'-এ যাওয়ার পথে তিনি দিল্লি-দেরাদুন এক্সপ্রেসওয়ের কাজ পরিদর্শন করেন। তার আগে উত্তর প্রদেশের সাহারানপুরে একটি রোডশোতে অংশ নেন তিনি। উত্তরাখন্ড সফরকালে প্রধানমন্ত্রী দেরাদুনের 'যশবন্ত গ্রাউন্ড'-এ আয়োজিত একটি জনসভায়ও ভাষণ দেবেন।
উল্লেখ্য ২১৩ কিলোমিটার দীর্ঘ, ছয় লেন বিশিষ্ট এই অর্থনৈতিক করিডোর নির্মানে ১২হাজার কোটির ও বেশি টাকা খরচ হয়েছে। করিডোরটি চালু হলে দিল্লি থেকে দেরাদুনের যাত্রা সময় ছয় ঘণ্টার বেশি থেকে কমে প্রায় আড়াই ঘণ্টায় নেমে আসবে। প্রকল্পের আওতায় ১০টি ইন্টারচেঞ্জ, তিনটি রেলওভার ব্রিজ, চারটি বড় সেতু এবং ১২টি ওয়েসাইড তৈরি করা হয়েছে। যাত্রীদের জন্য নিরাপদ ও সুখকর ভ্রমণ নিশ্চিত করতে করিডরে উন্নত ট্রাফিক পরিচালন ব্যবস্থা ব্যবহার করা হয়েছে।

পাশাপাশি বন্যপ্রাণীর অবাধ চলাচল সুনিশ্চিত করতে ১২ কিলোমিটার দীর্ঘ উত্থিত এশিয়ার অন্যতম একটি দীর্ঘ বন্যপ্রাণী করিডরও তৈরি হয়েছে। এছাড়া রয়েছে প্রাণী পারাপারের জন্য আটটি পথ, দুটি ২০০ মিটার দীর্ঘ হাতি আন্ডারপাস এবং দাতকালী মন্দিরের কাছে থাকা ৩৭০ মিটার দীর্ঘ সুড়ঙ্গ।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, গণতান্ত্রিক কাঠামোয় মহিলা সংরক্ষণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে বলেছেন মহিলারা নীতি-নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সক্রিয় অংশগ্রহণকারী হয়ে উঠলে ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ে তোলার পথে দেশের যাত্রা আরও শক্তিশালী হয়ে উঠবে। ভারতের 'নারী শক্তি'-র উদ্দেশ্যে লেখা আজ এক চিঠিতে শ্রী মোদী উল্লেখ করেন আগামী ১৬ তারিখ সংসদের বাজেট অধিবেশনের মধ্যেই একটি বিশেষ অধিবেশন ডাকা হয়েছে যেখানে 'নারী শক্তি বন্দন অধিনিয়ম' সংক্রান্ত গুরুত্বপূর্ণ সাংবিধানিক সংশোধনী নিয়ে আলোচনা করা হবে। সংসদে এই বিলটি পাস হবে বলে আশা প্রকাশ করে তিনি বলেন ২০২৯ সালের লোকসভা নির্বাচন এবং বিভিন্ন রাজ্যের বিধানসভা নির্বাচনে মহিলাদের জন্য পূর্ণাঙ্গ সংরক্ষণের বিধান কার্যকর রেখে অনুষ্ঠিত হলে দেশের গণতন্ত্র আরও শক্তিশালী ও প্রাণবন্ত হয়ে উঠবে।

উল্লেখ্য, গতকাল নতুনদিল্লীতে নারী শক্তি বন্দন সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, ভারতে নারী শক্তি জীবনের সব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। পঞ্চায়েত ব্যবস্থাপনায় মহিলাদের নেতৃত্বদান এক অসাধারণ দৃষ্টান্ত। দেশে স্থানীয় প্রশাসনগুলিতে ১৪ লক্ষেরও বেশি নারী অত্যন্ত সফলভাবে দায়িত্ব পালন করছেন।

*********************

সমগ্র জাতি আজ ভারতের সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বি আর আম্বেদকরের ১৩৬ তম জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছে। এই উপলক্ষে দেশজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। নতুন দিল্লির সংসদ ভবন চত্বরে আজ সকালে এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে বাবা সাহেবের জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে।

উল্লেখ্য ১৮৯১ সালের আজকের দিনে মধ্যপ্রদেশে তিনি জন্মগ্রহণ করেন। জাতিগত বৈষম্য, মহিলা, শ্রমিক ও সমাজের প্রান্তিক শ্রেণীর অধিকার সুনিশ্চিত করতে তিনি তার জীবন উৎসর্গ করেছেন। ১৯৯০ সালে ডঃ বি আর আম্বেদকরকে মরণোত্তর ভারত রত্নে সম্মানিত করা হয়।

*********************

তামিলনাডু বিধানসভা নির্বাচনে আগামী ২৩-শে এপ্রিল ভোটগ্রহণ। তার আগে প্রচার পর্ব এখন তুঙ্গে। বর্ষীয়ান বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নমো অ্যাপের মাধ্যমে তামিলনাডুর বিজেপি কর্মীদের সঙ্গে মেরা বুথ সবসে মজবুত কর্মসূচিতে অংশ নেন। তিনি বলেন, তামিলনাডুতে নতুন পরিবেশ তৈরি হচ্ছে এবং মানুষ পরিবর্তনের আশায় বিজেপি ও এনডিএ-র দিকে তাকিয়ে আছে। প্রধানমন্ত্রী জানান, কৃষকদের কল্যাণই এনডিএ সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। স্বাস্থ্য ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন মধ্যবিত্তের স্বপ্ন পূরণের দিকে বড় পদক্ষেপ নেওয়া হয়েছে। DKM সাংসদ কানিমোড়ি করুণানিধি আজ তিরুনেলভেলি আসনে তাদের দলের উন্নয়ন কর্মসূচী তুলে ধরে ভোটারদের মন জয় করার জন্য সবরকমের চেষ্টা চালান।

*********************

পশ্চিমবঙ্গে বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচারাভিযান জমে উঠেছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং, মিছিল, জনসভা ও রোডশো করছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মেরা বুথ সবসে মজবুত কর্মসূচীর অধীনে রাজ্যের বিভিন্ন বুথের দলীয় কর্মীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে কথা বলবেন। বিকেল চারটেয় নম অ্যাপের মাধ্যমে প্রধানমন্ত্রী বুথ কর্মী হিসাবে নিজের অভিজ্ঞতার কথা ভাগ করে নেবেন। ভোটের মুখে তৃণমূল স্তরে সংগঠনকে চাঙ্গা করে তুলতে এই উদ্যোগ।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ পশ্চিমবঙ্গে একাধিক জনসভা করবেন। সকালে উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো-এ অংশ নেবেন তিনি। পরে শ্রী শাহ দক্ষিণ দিনাজপুরের গোচিয়ার গঙ্গারামপুর ময়দানে জনসভায় অংশ নেবেন। দুপুর আড়াইটে নাগাদ মালদার মানিকচকে বিজেপি প্রার্থীর হয়ে জনসভায় বক্তব্য রাখবেন তিনি। পরে জেলারই গাজোলেও তাঁর একটি জনসভা করার কর্মসূচী রয়েছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বেশ কয়েকটি জনসভায় অংশ নেবেন। পশ্চিম মেদিনাপুরের পিংলায় জনসভা করছেন।

*********************

কংগ্রেস, বামফ্রন্ট এবং আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতা-নেত্রীরাও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেবেন।

লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী আজ নির্বাচনী প্রচারে অংশ নিতে রাজ্যে এসেছেন। উত্তর দিনাজপুরের রায়গঞ্জ-এর জনসভায় যোগ দিচ্ছেন। রায়গঞ্জের সভা থেকে তিনি বলেন, সাংবিধানিক পদে পছন্দের লোক নিয়োগ করে গণতন্ত্রকে দুর্বল করার চেষ্টা চলছে।

এরপর তিনি মালদার চাঁচোল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে তিনটি জনসভায় বক্তব্য রাখবেন।

*********************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় মহিলা ক্ষমতায়ন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য প্রফেসর শান্তা দত্তর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************

কয়লা পাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অন্যতম প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর বিনেশ চান্দেলকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট-ইডি। গতকাল সকালে দিল্লীর সদর দপ্তরে বিনেশকে তলব করা হয়। দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর তদন্তে অসহযোগিতার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে তাকে। গতরাতেই বিনেশকে দিল্লীর রাউস অ্যাভিনিউয়ের আদালতে তোলা হলে আদালত ১০ দিনের ইডি হেফাজতের নির্দেশ দিয়েছে।

এর আগে দোসরা এপ্রিল দিল্লিতে চান্দেলের বাড়িতে তল্লাশি চালিয়েছিল ইডি। এছাড়াও বেঙ্গালুরুতে আইপ্যাকের আর এক সহ-প্রতিষ্ঠাতা ও পরিচালক ঋষি রাজ সিংয়ের বাড়িতেও ইডি হানা দেয়। এরপরই বেআইনি আর্থিক লেনদেন প্রতিরোধ আইনে বিনেশ চান্দেলকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য গত ৮ই জানুয়ারি কয়লাপাচার কাণ্ডে দিল্লিতে নথিভুক্ত একটি মামলার তদন্তে আইপ্যাকের সল্টলেকের অফিস ও সংস্থার কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে যান ইডির তদন্তকারীরা। মুখ্যমন্ত্রী সেই সময় প্রতীক জৈনের বাড়ি ও অফিসে হাজির হয়ে তদন্তে বাধা দেন বলে অভিযোগ ওঠে। এই ঘটনায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় ইডি। গতকাল মামলার শুনানি হওয়ার কথা থাকলেও তা পিছিয়ে দিয়েছে শীর্ষ আদালত। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং এন ভি আঞ্জারিয়ার বেঞ্চ জানিয়েছেন, রাজ্যের প্রথম দফা নির্বাচনের আগের দিন অর্থাৎ ২২ শে এপ্রিল এই মামলার শুনানি হবে।

এদিকে, বিনেশের গ্রেপ্তারে তীব্র ক্ষোভ ব্যক্ত করেছে তৃণমূল কংগ্রেস। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই গ্রেপ্তারি নিয়ে কেন্দ্রের সমালোচনা করে বলেন, ভোটের মুখে এধরনের ঘটনা নিরপেক্ষ নির্বাচনের পরিপন্থী।

অন্যদিকে, বিজেপির রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার স্পষ্ট জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সঙ্গে আইপ্যাকের দুর্নীতির যে যোগ রয়েছে, তা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্যে স্পষ্ট হয়ে উঠেছে।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এই প্রসঙ্গে বলেছেন, মমতা ব্যানার্জীর দলের লুঠের পয়সায় পশ্চিমবঙ্গে নির্বাচন করায়।

**********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশ ও দেশের বাইরে বসবাসকারী সকল ভারতীয়দের বৈশাখী, বিশু, বিষুভ, বোহাগ বিহু, পয়লা বৈশাখ, মেশাদি, বৈশাখাদি এবং পুথুন্ডুর শুভেচ্ছা জানিয়েছেন।

**********************

আগামীকাল পয়লা বৈশাখ। পুরনোকে ঝেড়ে ফেলে নতুনকে আহ্বান জানানোর প্রস্তুতিতে ইতোমধ্যেই মেতেছে বাংলা। দোকানে দোকানে হালখাতার আয়োজন চলছে জোরকদমে।

**********************

বাংলাদেশে আজ বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে  বরণ করে নেওয়া হয় বাংলা নববর্ষকে। দেশজুড়ে হাজার হাজার মানুষ সাংস্কৃতিক অনুষ্ঠান, ঐতিহ্যবাহী শোভাযাত্রা এবং সামাজিক সমাবেশের মাধ্যমে পালন করেন পয়লা বৈশাখ। ঢাকার রমনা বটমূলে ছায়ানট আয়োজিত এক সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে খুব ভোরেই শুরু হয় নববর্ষের উদযাপন। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সমবেত কণ্ঠে ‘জাগো আলোক-লাগানে’ গানটি পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

ঢাকায়  অন্যতম প্রধান আকর্ষণ  ঐতিহ্যবাহী ‘বৈশাখী শোভাযাত্রা’,  সকাল ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ থেকে শুরু হয়। শিক্ষার্থী, শিক্ষক ও সাংস্কৃতিক কর্মীসহ সর্বস্তরের মানুষের অংশগ্রহণে বর্ণাঢ্য এই শোভাযাত্রাটি পুরো ক্যাম্পাস এবং এর আশপাশের এলাকায় এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি করে।

এবারের শোভাযাত্রার মূল বিষয়—‘নববর্ষের সম্প্রীতি, গণতন্ত্রের নবজাগরণ’। এতে প্রতীকী অনুষঙ্গ হিসেবে স্থান পায় মোরগ, হাতি, পায়রা, দোতারা এবং ঘোড়ার মতো বিভিন্ন অবয়ব—যার প্রতিটিই যথাক্রমে নবায়ন, শক্তি, শান্তি, সাংস্কৃতিক শেকড় এবং গ্রামীণ ঐতিহ্যের প্রতীক হিসেবে বিবেচিত। ২০১৬ সালে ইউনেস্কো কর্তৃক ‘মানবতার অমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য’ হিসেবে স্বীকৃত এই শোভাযাত্রাটি বাংলার অসাম্প্রদায়িক সাংস্কৃতিক পরিচয় ও ঐক্যের এক শক্তিশালী প্রতীক হিসেবে আজও সমুজ্জ্বল।

প্রধানমন্ত্রী তারিক রহমান জাতির উদ্দেশে নববর্ষের শুভেচ্ছা জানান এবং দেশের কৃষিভিত্তিক ঐতিহ্যের সাথে এই উৎসবের গভীর সম্পর্কের বিষয়টি বিশেষভাবে তুলে ধরেন।

**********************

মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের বন্দর গুলিতে অবরোধ সৃষ্টি করতে পশ্চিম এশিয়ায় বিমানবাহী রণতরী অ্যাব্রাহাম লিঙ্কন,১১ টি ডেষ্ট্রয়ার সহ অন্তত ১৫ টি নৌবাহিনীর জাহাজ পাঠিয়েছে।এইসব জাহাজ এই অঞ্চলে ছড়িয়ে রয়েছে এবং সরাসরি অভিযানে অংশ নিতে পারে।ত্রিপোলি এ্যাম্ফিবিয়াস রেডি যা ইউএসএস ত্রিপোলি নিয়ে গঠিত ;এছাড়া ইউএসএস নিউ অর্লিয়েন্স, ইউএসএস রাসমোর ও অন্যান্য জলযান এই নৌবহরের অন্তর্ভুক্ত।এই সব জাহাজ সুয়েজ ক্যানাল বা আফ্রিকা ঘুরে গুরুত্বপূর্ণ স্থানে পৌঁছে যাবে।
পাকিস্তানে ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে উত্তেজনা বৃদ্ধির প্রেক্ষিতে ইরান ও আমেরিকার মধ্যে শান্তি আলোচনা ভেস্তে যাওয়ার পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই অবরোধের নির্দেশ দিয়ে বলেন ইরান অবশ্যই পরমাণু অস্ত্র তৈরি করবে না।।
ইরান, যদি দু সপ্তাহের সংঘর্ষ বিরতির মধ্যে ,চুক্তিতে সহমত না হয় তবে তাদের জন্য ভয়াবহ পরিণাম অপেক্ষা করছে বলে ট্রাম্প সতর্ক করে দেন। তিনি খোলাখুলি বলেন আমেরিকা চায় ইরান থেকে সমৃদ্ধ ইউরেনিয়াম উদ্ধার করতে এবং তার জন্য যা করার প্রয়োজন তা করা হবে।

**********************

চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এবারের, আইপিএলে এখনো জয়ের মুখ দেখেনি কেকেআর। চার ম্যাচ খেলে তিনটিতে হেরে ১ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সবশেষে রয়েছে কলকাতা। সমসংখ্যক ম্যাচ খেলে একটিতে জিতে ২ পয়েন্ট নিয়ে নবম স্থানে রয়েছে চেন্নাই সুপার কিংস।

*****************************************************************